43

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 16 APR 1996 ...
পৃষ্ঠা 7 কলাম ৬

# পরীক্ষা না নেয়ার প্রতিবাদে কৃষি ভার্সিটির ভিসি ভবনে অগ্নিসংযোগ ও ভাংচুর

**ময়মনসিংহ, ১৫ এপ্রিল (সংবাদদাতা)।**-সোমবার সকাল সাড়ে ৯টার দিকে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা উপাচার্যের বাসায় অগ্নিসংযোগ, ভাংচুর এবং উপাচার্যের অফিসে ব্যাপক হামলা চালায়। এতে অর্ধকোটি টাকারও বেশি মূল্যের সম্পদের ক্ষয়ক্ষতি হয়েছে। সোমবার কৃষি বিশ্ববিদ্যালয়ে ৬টি অনুষদের পূর্ব নির্ধারিত পরীক্ষা ছিল। গ্রেফতারকৃত

*শেষ পৃষ্ঠা ৪ কঃ দেখুন*

## পরীক্ষা না নেয়ার *(প্রথম পাতার পর)*

বাকসু'র জিএস তোফাব মুক্তির দাবিতে ছাত্রদল একই সময় ক্যাম্পাসে হরতাল আহ্বান করায় শিক্ষকগণ পরীক্ষার হলে উপস্থিত হননি। এর ফলে বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা হল থেকে মিছিলসহ উপাচার্যের বাসা ঘেরাও করে। এ সময় প্রয়োজনীয় সংখ্যক পুলিশ না থাকায় উপাচার্য পরীক্ষাগ্রহণে অপারগতার কথা জানালে উত্তেজিত পরীক্ষার্থীরা উপাচার্যের বাসা প্রথমে ভাংচুর ও পরে অগ্নিসংযোগ করে। এতে ঘরের আসবাবপত্র, টেলিফোন সেট, টিভি, দরজা-জানালার গ্লাস, মোটর সাইকেলসহ সম্পদের ব্যাপক ক্ষতি সাধিত হয়। ফায়ার সার্ভিস খবর পেয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

1